

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬৮০

আগরতলা, আমবাসা, ১৫ নভেম্বর, ২০২৩

**ধলাই জেলায় জনজাতীয় গৌরব দিবস-বিকশিত ভারত সংকল্প যাত্রা**

**ভগবান বীরসা মুন্ডা ছিলেন একজন জনজাতীয় নেতা ও স্বাধীনতা সংগ্রামী : রাজ্যপাল**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু আজ ভার্চুয়ালি ধলাই জেলার জেলাশাসকের কার্যালয়ের কনফারেন্স হলে জনজাতীয় গৌরব দিবস উদযাপন, বিকশিত ভারত সংকল্প যাত্রার সূচনা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানের শুভারম্ভ অনুষ্ঠানে অংশ নেন। জেলাশাসক কার্যালয়ে আয়োজিত এই অনুষ্ঠানে রাজ্যপাল বলেন, আজ ভগবান বীরসা মুন্ডার জন্মদিন। বীরসা মুন্ডার জন্মদিন আমাদের দেশে জনজাতীয় গৌরব দিবস হিসেবে পালন করা হচ্ছে। তিনি বলেন, ভগবান বীরসা মুন্ডা ছিলেন একজন জনজাতীয় নেতা ও স্বাধীনতা সংগ্রামী। দেশের স্বাধীনতার জন্য বীরসা মুন্ডা ও আরও কয়েকজন জনজাতি বীর নিজেদের জীবন বলিদান দিয়েছিলেন।

অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু বলেন, বিকশিত ভারত সংকল্প যাত্রা উপলক্ষে ব্রাম্যমান প্রচার বাহন প্রান্তিক জনপদের মানুষকে সরকারি প্রকল্প ও পরিষেবা সম্পর্কে সচেতন করবে। রাজ্যের সমস্ত অঞ্চলের মানুষ এই সংকল্প যাত্রায় সরকারি প্রকল্প ও পরিষেবার সুযোগ সম্পর্কে অবহিত হতে পারবেন। ভার্চুয়ালি অনুষ্ঠানের পর রাজ্যপাল জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে জেলাশাসক এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকদের সাথে জেলার বিভিন্ন উন্নয়ন কর্মসূচি নিয়ে এক সভায় মিলিত হন। সভায় বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ জেলার উন্নয়ন কর্মসূচি নিয়ে বিস্তৃত তথ্য রাজ্যপালের কাছে তুলে ধরেন। সভায় বিভিন্ন দপ্তরের উন্নয়ন কর্মসূচি বিস্তারিতভাবে পর্যালোচনা করা হয়। আলোচনা করতে গিয়ে রাজ্যপাল বলেন, কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে আধিকারিকদের আরও দায়িত্ব নিয়ে কাজ করতে হবে। গ্রামের উন্নতি করতে হলে গরীব অংশের মানুষের কাছে বিভিন্ন সরকারি সুযোগ সুবিধা পৌঁছে দিতে হবে। প্রাণীপালনে গ্রামীণ এলাকার মানুষকে আরও বেশী করে উৎসাহিত করতে হবে। তিনি বলেন, ছাত্রছাত্রীদের জন্য বিভিন্ন স্কলারশিপ সঠিক সময়ে তাদের কাছে পৌঁছে দিতে হবে। ছাত্রাবাসগুলি সঠিকভাবে পরিচালনা করতে হবে। গ্রামবাসীদের জন্য স্বাস্থ্য পরিষেবা, পানীয় জল, বিদ্যুৎ, সড়ক যোগাযোগ, প্রভৃতি কর্মসূচি দ্রুত রূপায়ণের জন্য তিনি আধিকারিকদের নির্দেশ দেন। তিনি জানান, এই জেলার বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি পর্যালোচনা করতে তিনি আবার আসবেন। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু আজ ধলাই জেলা সার্কিট হাউসে পৌঁছালে জেলা পুলিশের পক্ষ থেকে তাঁকে গার্ড অব অনার দেওয়া হয়। জেলাশাসক ড. সিদ্ধার্থ শিব জয়সবাল, পুলিশ সুপার অভিনাশ রাই এবং অন্যান্য আধিকারিকগণ রাজ্যপালকে স্বাগত জানান।

জেলাশাসক কার্যালয়ের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধলাই জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি অনাদি সরকার, বিধায়ক শম্ভুলাল চাকমা, রাজ্যের মুখ্য সচিব জে কে সিনহা, আমবাসা পুর পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারপার্সন গোপাল সূত্রধর, কমলপুর নগরপঞ্চায়েতের চেয়ারপার্সন প্রশান্ত সিনহা, রইস্যাবাড়ি বিএসি'র চেয়ারম্যান প্রদীপ কুমার জমাতিয়া, দুর্গাচৌমুহনী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সম্প্রদাস, আমবাসা বিএসি'র চেয়ারম্যান পরিমল দেববর্মা, ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধিগণ, ধলাই জেলার অতিরিক্ত জেলাশাসক বিশ্বজিৎ পাল ও জেলার বিভিন্ন ব্লকের বিডিওগণ।

\*\*\*\*\*